

## ”এ্যাসোসিয়েশন অব বাংলাদেশী কানাডিয়ান (A.B.C)-এর উদ্বেগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১১তম জন্ম জয়ন্তী উদ্যাপন ”

টরন্টো, গত ২৯ শে মে বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের  
জন্ম জয়ন্তী উপলক্ষ্যে ক্ষেত্রবো প্রথেস চার্চ মিলনায়তনে এক সাংস্কৃতিক সন্ধ্যার  
আয়োজন করেছিল Association of Bangladeshi Canadian.

গীতের চিদাকাশে যথন তাপদাহ রক্তিম প্রহরের ক্লান্তি'লগ্নে মানুষ যখন অবিচল ঠিক  
তখনই প্রকৃতির ছায়া-মোহে স্বন্দির নি:শ্বাস খোঁজে পেল কুয়মিউনিটির অজস্র সঙ্গীত-  
পিপাসু'রা। স্থানীয় শিল্পী দ্বারা বাহরীবর্ণে মধ্যে এক অজানা যাদু'র পরশে গোটা অনুষ্ঠানটি  
ছুঁয়ে গেল সবার প্রাণ। বিদ্রোহী কবি কাজী নজরুলের সৃষ্টির উপর ভিত্তি করে  
আলোচনা, গান, নাচ এবং কবিতা আবৃত্তি দিয়ে অনুষ্ঠান শুরু হয়। বিশেষ আর্কণ ছিল  
শিক্ষক এবং বিশিষ্ট শিল্পী এ. এফ. এম. আলিমুজামান-এর সঙ্গীত পরিবেশনা। এছাড়াও  
স্থানীয় শিল্পীবৃন্দ পরিবেশন করেন অনন্যা, অরুণাভো ভট্টাচার্য, মালেকা পারভীন রোজী,  
সুমাইয়া আলম, অর্ক ভট্টাচার্য, গোলাম মহিউদ্দিন, জিনিয়া আজাদ, আফিয়া আলম,  
রেজওয়ানা তাসনিম, আইরিন আলম, ইয়াসমিন খায়ের, ফারাহ তাসনিম বৃষ্টি এবং কবিতা  
আবৃত্তি করেন গোলাম মহিউদ্দিন। মনোমুক্তির নৃত্য পরিবেশনা করেন সুকন্যা নৃতাঙ্গানের  
শিয়া, নাজিয়া ও তাসনিম, তবলায় ছিলেন দোলন সিন্ধা। পুরো'নুষ্ঠানের মায়া-জালে দৃষ্টি  
নদিত মধ্যে ”ক্যানভাসে” অপূর্ব কার্ভিং মথসজ্জাটি করেছেন সনামধন্য-বিশিষ্ট চিত্র শিল্পী  
মহিবুল ইসলাম।

অনুষ্ঠানের শুরুতেই এ্যাসোসিয়েশনের অন্যতম কর্ণধার পরিচালক গোলাম মোহাম্মদ  
সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। আরো বক্তব্য রাখেন পরিচালক আনিসুল আলম, মাহবুবুর রব  
চৌধুরী, আজিজ মাওলা এবং নিলুফার মোহাম্মদ। উক্ত অনুষ্ঠানের শুভ কামনা করে শুভেচ্ছা  
বাণী পাঠিয়েছেন অন্টারিও পার্লামেন্টের এমপিপি মার্গারেট বেস্ট এবং সাংবাদিক মইনুল  
আলম, প্রফেসর বেলায়েত হোসেন খান, প্রফেসর মাহবুবউদ্দিন আহমেদ।  
সুমি রহমানের বিশেষ উপস্থাপনায় মায়াবীকচ্ছে পুরো অনুষ্ঠানটি ছিল প্রাণবন্ত ও  
পরিচ্ছন্নভাবে সম্পন্ন হয়। সৌজন্যে : নান্দনিক ফাইন আর্টস সেন্টার।

- প্রেস বিজ্ঞপ্তি



